



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
গুলফেশাঁ প্লাজা (১২তম, তলা) ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগ বাজার, ঢাকা-১২১৭
ফোনঃ চেয়ারম্যান- ৯৩৩৫৫৫১৩, সার্বক্ষণিক সদস্য- ৯৩৩৬৩৬৯, সচিব- ৯৩৩৬৮৬৩
হেল্প লাইন- ৯৩৪৭৯৭৯ (সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৫.০০টা)
ফ্যাক্সঃ ৮৩৩৩২১৯; ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: জামাকন/প্রেস:বিজ্ঞঃ/২৩৯/১৩-১০২২

তারিখ: ২৯ আগস্ট, ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বখাটের ছুরিকাঘাতে স্কুলছাত্রী রিশা নিহতের ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের উদ্বেগ।

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেছেন, বখাটের ছুরিকাঘাতে উইলস লিটল স্কুলের ছাত্রী সুরাইয়া আক্তার রিশা নিহতের ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন উদ্বেগ প্রকাশ করেছে। এ ঘটনা জীবন ও চলাচলের স্বাধীনতা; সর্বোপরি মানবাধিকারের সুস্পষ্ট লঙ্ঘন।

ঘটনার ৪ দিন পরেও অভিযুক্ত ওবায়দুল খান গ্রেপ্তার না হওয়ায় স্কুলের ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। কমিশনের চেয়ারম্যান মনে করেন, উচ্ছৃঙ্খল যুবকদের এ জাতীয় কর্মকাণ্ড শান্তি-শৃঙ্খলার জন্য হুমকিস্বরূপ।

একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রের যেকোন নাগরিকের রাস্তায় নিরাপদে চলাফেরা করার অধিকার রয়েছে। আর এ অধিকার নিশ্চিত করার দায়িত্ব রাষ্ট্রের। এক্ষেত্রে জনসাধারণকে সাথে নিয়ে পুলিশকে আরো জোরদার ও ফলপ্রসূ ভূমিকা পালন করতে হবে।

জাতীয় মানবাধিকার কমিশন অভিযুক্ত ঘাতক ওবায়দুল খানকে দ্রুত গ্রেপ্তারের দাবি জানাচ্ছে।

বার্তা প্রেরক

Farhana 29/08/16

ফারহানা সাদ্দীদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন (জামাকন), বাংলাদেশ

ফোন: ০২ ৯৩৪৭৯৭৯